FEDERAL COURT OF AUSTRALIA

APPEALS

অস্ট্রেলিয়ার ফেডারেল কোর্ট

আপিলসমূহ

Bangla

আপিলসমূহ

অস্ট্রেলিয়ার ফেডারেল কোর্টের বিধি ১৯৭৬- এর অধীণে, কোর্ট যেসব ক্ষেত্রে আবেদন সমূহ শোনার যোগ্য সেসব হচ্ছেঃ

- ফেডারেল কোর্টের একক বিচারকের রায়সমূহ যেগুলো, হয় আলোচনাসাপেক্ষ বা চূড়ান্ত;
- অস্ট্রেলিয়ার রাজধানী অঞ্চল ও উত্তরাঞ্চল ব্যতীত অন্যান্য আঞ্চলিক সুপ্রিম কোর্টের রায়সমূহ;
- যারা ফেডারেল বিচার ব্যবস্থার চর্চা করে সেসব অঙ্গরাজ্যের, অস্ট্রেলিয়ার রাজধানী অঞ্চলের বা উত্তরাঞ্চলের আদালতগুলোর কিছু বিচারসমূহ (সুপ্রিম কোর্টের পূর্ণাঙ্গ কোর্ট ব্যতীত);
- ফেডারেল ম্যাজিস্ট্রেট্‌স কোর্টের কিছু নির্দিষ্ট রায়সমূহ।

কোর্টের সিদ্ধান্ত ছাড়াও ব্যক্তিবর্গের, কর্তৃপক্ষসমূহের এবং বিচারালয়গুলোর সিদ্ধান্তসমূহও কোর্ট আপিলের জন্য বিচার করে থাকে। ফেডারেল কোর্টের রেজিস্ট্রি থেকে এবং ইন্টারনেট www.fedcourt.gov.au - এ আপনি নির্দিষ্ট ফর্ম ও কার্যপ্রণালীগুলো সম্পর্কে আরো তথ্য পেতে পারেন যা এই ধরণের আপিলগুলোর জন্য প্রযোজ্য।

কারা আপিলের বিচার করে থাকেন?

ফেডারেল ম্যাজিস্ট্রেটের অন- অভিবাসন মামলার রায়ের আপিল একটি পূর্ণাঙ্গ আদালতের দ্বারা বিচার করা হবে যদি না ফেডারেল কোর্টের প্রধান বিচারপতি একজন একক বিচারকের দ্বারা আপিলটিকে বিচারের জন্য যথাযথ মনে করেন ।

ফেডারেল ম্যাজিস্ট্রেট্‌স কোর্টের অভিবাসন মামলার একটি আপিল, একজন একক বিচারকের দ্বারা বিচার করা হবে যদি না ফেডারেল কোর্টের বিচারক পূর্ণাঙ্গ কোর্টের দ্বারা আপিলটিকে বিচারের জন্য যথাযথ মনে করেন ।

একজন একক বিচারক বা সুপ্রিম কোর্টের বিচারের আপিলসমূহ সাধারণত তিন বা ততোধিক বিচারকগনের একত্রিত বৈঠকের দ্বারা বিচার করা হয়ে থাকে।

অস্ট্রেলিয়ার ফেডারেল কোর্ট

আপিলসমূহ

আপনি কিভাবে আপিল করবেন?

আপনাকে আবশ্যই ফর্ম ৫৫ঃ নোটিশ অফ আপিল- টি পূরণ করতে হবে। এই ফর্মে আপনাকে আপিলকারী বলা হবে কেননা আপনি সেই পক্ষ যিনি আপিল করছেন।

মূল আপিলের নোটিশের সাথে উভয়পক্ষের জন্য একটি করে অনুলিপি ফেডারেল কোর্টের কাছে সরবরাহ করতে হবে। আপনি এটি করতে পারেন দলিলপত্রাদি রেজিস্ট্রিতে এনে , বা এগুলোকে পোষ্ট কিংবা ফ্যাক্স করে, অথবা ইন্টারনেটের মাধ্যমে পাঠিয়ে।

একে নথিভুক্তকরণ বা ফাইলিং বলে।

ফাইলিং সম্পর্কিত আরো তথ্য রেজিস্ট্রিতে এবং কোর্টের ওয়েবসাইটে পাওয়া যাবে।

নিশ্চিত করুন যেন আপনার কাছে আপনার নিজের জন্য আপিলের নোটিশের একটি অনুলিপি থাকে। অঙ্গরাজ্য বা আঞ্চলিক কোর্টের রায় থেকে যদি আপনি আপিল করে থাকেন তবে আপিলের নোটিশের একটি অনুলিপি অবশ্যই রেজিস্ট্রারের কার্যালয়ে, মাস্টার বা সেই কোর্টের যথাযথ কর্মকর্তার কাছেও নথিভুক্ত করতে হবে।

যদি নোটিশটি সঠিক ফর্মে থাকে তবে রেজিস্ট্রি কর্মকর্তা মূলটিকে এবং আপিলের নোটিশের অনুলিপিগুলোকে স্ট্যাম্প করে দেবেন। প্রত্যেক বিবাদীকে সেবা পেতে হলে আপনার আপিল নথিভুক্তকরণের ৫ দিনের মধ্যে আপনাকে আপিলের নোটিশের স্ট্যাম্প করা অনুলিপির জন্য ব্যবস্থা নিতে হবে।

সময় সীমাসমূহ

একটি আলোচনাসাপেক্ষ বিচার হচ্ছে তা, সাধারণভাবে বলতে গেলে যা মামলার যোগ্যতার তুলনায় বরং কার্যপ্রণালীঘটিত বিষয়সমূহের বিহিত করে থাকে। আলোচনাসাপেক্ষ বিচারের আপিলগুলো একমাত্র কোর্টের অনুমতিক্রমে করা যায়। এটি করার জন্য আপনাকে অবশ্যই ফেডারেল কোর্টের একজন একক বিচারকের বিচার বা রায় ঘোষণার ৭ দিনের মধ্যে অথবা অন্য কোন কোর্ট যেমন ফেডারেল ম্যাজিস্ট্রেটস কোর্টের বিচার বা রায় ঘোষণার ২১ দিনের মধ্যে আবেদন করতে হবে।
যদি আপিল করার সময় শেষ হয়ে যায় বা শেষের দিকে থাকে তবে আপনি এই সময়সীমা বাড়ানোর জন্য আবেদন করতে পারেন। চূড়ান্ত বিচারের আপিলগুলো অবশ্যই সিদ্ধান্তের ২১ দিনের মধ্যে করতে হবে। যদি আপিল করার সময় শেষ হয়ে যায় বা শেষের দিকে থাকে তবে আপনি এই সময়সীমা বাড়ানোর জন্য আবেদন করতে পারেন।

এতে কি পরিমান ব্যয় হয়?

আপনি যখন একটি আপিলের নোটিশ ফাইল করেন তখন অবশ্যই একটি ফি দিতে হবে। আপনি যদি আপিলটি প্রত্যাহার করেন বা পরিত্যাগ করেন তবে এই ফি ফেরত দেয়া হবে না। আপনার যদি এই ফি দেবার সামর্থ্য না থাকে তাহলে আপনি কোর্টকে তা মওকুফ করার জন্য অনুরোধ করতে পারেন। কিছু লোকও ফিগুলো পরিশোধ করা থেকে অব্যহতি পান (যেমন, আপনাকে যদি লিগ্যাল এইড মঞ্জুর করা হয় বা আপনি যদি স্বাস্থ্য সেবা কার্ডের বাহক হন) ।

কোর্টের কাছে ফি মওকুফের অনুরোধ করার জন্য বা ফি থেকে অব্যহতি মঞ্জুর করানোর জন্য ফর্মটি আপনি রেজিস্ট্রি থেকে পেতে পারেন।

যদি কেউ আমার পক্ষে দেয়া সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করে তাহলে কি হবে?

আপনি যদি আপিলের নোটিশের মাধ্যমে সেবা পেয়ে থাকেন তবে আপনি আপিল কার্যবিবরণীতে বিবাদী হিসাবে গন্য হবেন । ফর্ম ১৫ঃ হাজিরার নোটিশ- টি নথিভুক্ত করার মাধ্যমে আপনাকে এ বিষয়ে একটি হাজিরা দিতে হবে ।

আপনি যদি মূল মামলার আংশিক বিচারের আপিল করতে চান বা আংশিকভাবে মূল বিচারের ভিন্নতা চান তবে আপনাকে অবশ্যই একটি সংশোধিত ফর্ম ৫৫ঃ ক্রস- আপিলের নোটিশ- টি পূরণ করতে হবে।

আপিলের নোটিশ নথিভুক্ত করার পর কি হবে?

আপিলটি যদি ফেডারেল ম্যাজিস্ট্রেটের বিচার থেকে না আসে তবে সাধারণত রেজিস্ট্রি উভয় পক্ষের সাক্ষাতের জন্য একটি সাক্ষাতসূচি নির্ধারণ করে এটি সিদ্ধান্ত নেবার জন্য যে মূল মামলার কি বিষয়ে কোর্টে আপিল বইয়ে প্রদান করা হবে।

মূল শুনানি থেকে প্রাপ্ত সকল দলিলপত্রাদি প্রাসঙ্গিক নাও হতে পারে। এ কার্যপ্রনালীকে 'আপিল বই ইনডেক্স স্থির করা' বলে। আপিলটি যদি একটি ফেডারেল ম্যাজিস্ট্রেটের অন- অভিবাসন বিচার থেকে হয় তবে রেজিস্ট্রি নির্দেশনাসমূহের শুনানির জন্য বা আপিলের শুনানির জন্য একটি তারিখ নির্ধারণ করবে।

আপিলটি যদি একটি ফেডারেল ম্যাজিস্ট্রেটস কোর্টের অভিবাসন মামলা থেকে হয়, তবে রেজিস্ট্রি নির্দেশনাসমূহ বা আদেশসমূহ সম্পর্কে আপনাকে লিখবে যে, কোর্ট প্রাসঙ্গিক

আপিল বইসমূহ, লিখিত দলিলসমূহ এবং আপিল প্রস্তুতির শুনানির জন্য অন্যান্য সম্পর্কিত বিষয়গুলো প্রস্তুত করেছে। রেজিস্ট্রি আপনাকে

আপিলের শুনানির তারিখ জানানোর জন্য আবারও লিখবে।

আপনাকেও কোর্টে নথি করতে হবে এবং আপনার দলিলসমূহের রূপরেখা বিবাদীকে পেশ করতে হবে। এই রূপরেখাতে অবশ্যই আপিলে আলোচ্য বিষয়ের প্রত্যেকটির জন্য বিবাদের একটি সারসংক্ষেপ এবং আপনার মামলার সমর্থণের জন্য যেসব মামলার উলেখ করতে চান তার একটি ফর্দ থাকতে হবে। সাধারণত এটি অবশ্যই আপিলের শুনানির শুরুর পুরোপুরি ৫ কর্মদিবসের আগে প্রদান করতে হবে, যদিও একজন বিচারক ভিন্ন তারিখ নির্ধারণ করতে পারেন।

শুনানি

প্রথমে আপনাকে আপনার মামলার যুক্তি প্রদর্শণ করতে বলা হবে। এরপর বিবাদীকে উত্তর দেবার সুযোগ দেয়া হবে। আপনাকে এরপর বিবাদী দ্বারা উত্থাপিত যেকোন উত্তরের চূড়ান্ত সুযোগ দেয়া হবে। আশা করা হবে যে, আপিল বইয়ের বিষয়বস্তু সম্পর্কে আপনি অবহিত এবং আপনি আপনার যুক্তিসমূহের সমর্থণে বইটিতে উদ্ধৃত অংশের নির্দেশনা কোর্টকে দেবার যোগ্য।

আপনি যদি সফল হন তবে কোর্ট:

- কোর্ট কর্তৃক মূল মামলার রায়ের সিদ্ধান্তের থেকে ভিন্ন সিদ্ধান্ত নিতে পারেন; অথবা
- আদেশ দিতে পারেন যে পুনরায় মামলার শুনানি হোক।

সফলতার সম্ভাবনাগুলো কি কি?

একটি আপিলের সফলতার জন্য আপনাকে অবশ্যই দৃঢ়তার সাথে কোর্টকে বোঝাতে হবে যে, সেই বিচারক বা ফেডারেল ম্যাজিস্ট্রেট যিনি মূল মামলার রায় দিয়েছিলেন তিনি একটি ভুল করেছিলেন এবং ভুলটি এত গুরুত্বপূর্ণ যে সিদ্ধান্তটি আবার বদলানো উচিৎ। গুরুত্বপূর্ণ ভুলসমূহের কিছু উদাহরণ হলো যে, বিচারক বা ফেডারেল ম্যাজিস্ট্রেট যাঁরা মূল মামলার রায় দিয়েছিলেন তাঁরা:

- একটি ভুল আইনের নীতি প্রয়োগ করেছিলেন; অথ বা
- ঘটনা বা ঘটনাসমূহ থেকে প্রাপ্ত তথ্যকে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পরিণত করেছেন যা সাক্ষ্যপ্রমাণ দ্বারা সমর্থণ করা যেত না।

আপিল শুনানিতে কোর্টঃ

- মূল মামলায় পেশ করা হয়নি এমন কোন নতুন সাক্ষ্যপ্রমাণ বা তথ্য গন্য করেন না (বিশেষ পরিস্থিতি ব্যতীত);
- সাক্ষীদের সাক্ষ্যপ্রমাণ প্রদানের জন্য ডাকেন না;
- মূল মামলার জন্য উভয়পক্ষের দ্বারা নথিকৃত সকল প্রাসঙ্গিক দলিলপত্রাদি অবশ্যই পড়ে দেখেন;
- মূল মামলার প্রতিলিপির প্রাসঙ্গিক অংশগুলো পড়ে দেখেন, যদি থাকে;
- আপিলের উভয়পক্ষের আইনসম্মত যুক্তিতর্ক শোনেন।

আইনগত উপদেশ

আপিলের নোটিশ বা ক্রস- আপিলের খসড়া করা খুবই কঠিন। এজন্য আইনগত সহযোগিতা নিয়ে একটি আপিলের নোটিশ প্রস্তুত করার জন্য জোরালোভাবে পরার্মশ দেয়া হচ্ছে । যে সব সংগঠন বিনামূল্যে বা স্বল্পমূল্যে আইনগত উপদেশ বা সহযোগিতা প্রদান করে তাদের সাথে যোগাযোগের বিবরণ আপনি কোর্ট থেকে বা কোর্টের ওয়েবসাইট www.fedcourt.gov.au থেকে পেতে পারেন।

কোর্টের কর্মচারীরা আইনগত উপদেশ প্রদান করেন না।

আইনগত ব্যয়সমূহ বহন করেন কে?

আপনি যদি আপিলেটিতে হেরে যান তবে সাধারণত অন্য পক্ষের আইনগত ব্যয়সমূহ বহন করার আদেশ আপনাকে দেয়া হবে।

আমি আমার আপিল প্রত্যাহার করতে চাইলে কি হবে?

আপনি আপনার আপিলটি প্রত্যাহার করতে পারেন ফর্ম ২৯ঃ নোটিশ অফ ডিসকন্টিনিউএন্স- টি নথিভুক্ত করার মাধ্যমে। আপিলটির যদি তখনও শুনানী না হয় তবে আপনাকে নোটিশ অফ ডিসকন্টিনিউএন্স- টি নথিভুক্ত করার জন্য কোর্টের অনুমতি নিতে হবে না। যদি শুনানী শুরু হয়ে যায়, বা যদি শুনানী শেষ হয়ে যায়, কিন্তু কোর্ট তখনো রায় প্রদান না করে, তবে আপনাকে নোটিশ অফ ডিসকন্টিনিউএন্স- এর জন্য কোর্টের অনুমতি নিতে হবে।

আপনি যদি আপিলটির অবসান ঘটান তাহলে সাধারণত অন্য পক্ষের আইনগত ব্যয়সমূহ বহন করার আদেশ আপনাকে দেয়া হবে।

অস্ট্রেলিয়ার উচ্চ আদালতে আপিলসমূহ

ফেডারেল কোর্টের পূর্ণাঙ্গ কোর্টের সিদ্ধান্ত থেকে অথ বা একজন একক বিচারক যিনি একজন ফেডারেল ম্যাজিস্ট্রেটের কাছ থেকে আপিলের রায় পেয়েছেন তাঁর সিদ্ধান্ত থেকে হাই কোর্টে আপিল করার স্বয়ংক্রিয় কোন অধিকার নেই।

আপনি হাই কোর্টে আপিলের জন্য অনুমতি (যাকে 'বিশেষ ছাড়' বলে)- এর জন্য আবেদন করতে পারেন, কিন্তু এটি শুধুমাত্র বিশেষ মামলাতে প্রদান করা হয়। আপনি যদি বিশেষ ছাড়ের জন্য হাই কোর্টে আবেদন করেন তবে, আবেদন পত্রের একটি অনুলিপি সেই অঙ্গরাজ্য বা অঞ্চলের ফেডারেল কোর্টের রেজিস্ট্রিতেও অবশ্যই প্রদান করতে হবে যেখান থেকে আপনি, যে মামলার আপিল করতে চান তার সিদ্ধান্ত হয়েছিল।

ফর্মসমূহ আপনি কোথায় পাবেন ?

এই পুস্তিকায় উল্লেখিত সকল ফর্ম আপনি যেকোন ফেডারেল কোর্টের

রেজিস্ট্রি থেকে পাবেন। তারা আপনাকে গাইডসমূহের একটি অনুলিপি প্রদান করতে পারে যেখানে এসব ফর্মের কিছু কি করে পূরণ করতে হবে তা দেখানো হয় । আপনি ফর্মসমূহ এবং গাইডসমূহ কোর্টের ওয়েবসাইটঃ www.fedcourt.gov.au থেকে পেতে পারেন।

দোভাষীগন

আপিলের শুনানির জন্য কোর্ট একজন দোভাষীর আয়োজন করতে পারে । আপনার যদি একজন দোভাষীর প্রয়োজন হয় তবে আপনাকে শুনানি শুরুর অন্তত এক সপ্তাহ আগে কোর্টের রেজিস্ট্রিতে যোগাযোগ করতে হবে।

আপনি যদি রেজিস্ট্রিতে যোগাযোগ করতে না পারেন তবে তারা কোন দোভাষীকে আনতে সক্ষম নাও হতে পারেন এবং সেক্ষেত্রে শুনানি বিলম্বিত হবে। একজন টেলিফোন দোভাষীর সাথে কথা বলার জন্য আপনি ১৩১৪৫০ নম্বরেও ফোন করতে পারেন ।

ফেডারেল কোর্ট রেজিস্ট্রিসমূহ

এ সি টি রেজিস্টি
Commonwealth Law Courts Building
Childers Street
Canberra City ACT 2601
টেলিফোন: (02) 6267 0566
ফ্যাক্স: (02) 6267 0625
টি টি ওয়াই: (02) 6267 0537
ইমেইল: actman@fedcourt.gov.au

এন এস ডবিউ রেজিস্ট্রি
Level 17, Law Courts Building
Queens Square
Sydney NSW 2000
টেলিফোন: (02) 9230 8567
টি টি ওয়াই: (02) 9230 8270
ফ্যাক্স: (02) 9230 8535
ইমেইল: nswdr@fedcourt.gov.au

এন টি রেজিস্ট্রি
Level 3, Supreme Court Building,
State Square, Darwin NT 0800
ডাক যোগাযোগ: PO Box 1806
DARWIN NT 0801
টেলিফোন: (08) 8941 2333
টি টি ওয়াই: (08) 8941 4941
টি টি ওয়াই: (08) 8982 0838
রেজিস্ট্রি ফাইলিং ফ্যাক্স:
(08) 8941 4941
ইমেইল: ntreg@fedcourt.gov.au

কিউ এল ডি রেজিস্ট্রি
Level 6, Commonwealth Law Courts
119 North Quay
Brisbane QLD 4000
ডাক যোগাযোগ: P.O. Box 13084
George Street Post Shop
Brisbane QLD 4003
টেলিফোন: (07) 3248 1100
টি টি ওয়াই: (07) 3248 1260
টি টি ওয়াই: (07) 3248 1272
ইমেইল: qldreg@fedcourt.gov.au

ভি আই সি রেজিস্ট্রি
Commonwealth Law Courts
305 William Street
Melbourne VIC 3000
টেলিফোন: (03) 8600 3333
ফ্যাক্স: (03) 8600 3281
টি টি ওয়াই: (03) 9670 0320
ইমেইল: vicreg@fedcourt.gov.au

এস এ রেজিস্ট্রি
Level 5 Commonwealth Law Courts
3 Angas Street Adelaide SA 5000
ডাক যোগাযোগ: GPO Box 1350
Adelaide SA 5001
টেলিফোন: (08) 8219 1000
ফ্যাক্স: (08) 8219 1001
টি টি ওয়াই: (08) 8219 1011
ইমেইল: sareg@fedcourt.gov.au

টি এ এস রেজিস্ট্রি
Commonwealth Law Courts Building
39-41 Davey Street
Hobart TAS 7000
ডাক যোগাযোগ: GPO Box 903
HOBART TAS 7001
টেলিফোন: (03) 6232 1715
ফ্যাক্স: (03) 6232 1701
টি টি ওয়াই: (03) 6232 1865
ইমেইল: tasreg@fedcourt.gov.au

ডবিউ এ রেজিস্ট্রি
Commonwealth Law Courts
1 Victoria Avenue
Perth WA 6000
ডাক যোগাযোগ: GPO Box A30
PERTH WA 6834
টেলিফোন: (08) 9268 7100
ফ্যাক্স: (08) 9221 3261
টি টি ওয়াই: (08) 9325 7053
ইমেইল: waregistry@fedcourt.gov.au

প্রিন্সিপাল রেজিস্ট্রি
Level 17, Law Courts Building
Queens Square
Sydney NSW 2000
টেলিফোন: (02) 9230 8542
ফ্যাক্স: (02) 9223 7706
ইমেইল: query@fedcourt.gov.au

02/06